# পৌলের মত তাড়নার প্রতি আচরণ

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ণ P3b পাঠ করা উচিৎ।



“ইফিষে পশুদের সহিত যে যুদ্ধ করিয়াছি, তাহা যদি মানুষের মত করিয়া থাকি, তবে তাহাতে আমার কি ফল দর্শে? মৃতেরা যদি উত্থাপিত না হয়, তবে “আইস, আমরা ভোজন পান করি, কেননা কল্য মরিব।” (১ করিন্থীয় ১৫ঃ৩২)

**প্রার্থনা ঃ** “প্রিয় প্রভু, পৌলকে তুমি অন্যায় তাড়নার মোকাবিলা করার জন্য যে শক্তি দিয়েছিলে, আমাদেরও সেই একই শক্তি প্রজ্ঞা, সহিষ্ণুতা এবং অনুগ্রহ দাও।”

**১. তাড়নার মোকাবিলা করার জন্য ঈশ্বরের বাক্য দ্বারা আপনার হৃদয় প্রস্তুত করুন।**

**টীকা ঃ** প্রত্যেক ব্যক্তিকে তাদের জীবনকালে অনেক অন্যায় বিষয়ে ক্লেশভোগ করতে হয়। বিভিন্ন ধরনের দুঃখভোগ আছে ঃ আমাদের অসংখ্য দূর্দশা ভোগ করতে হয় যা আমাদের প্রাপ্য নয়; আমরা শাস্তিভোগ করি, কারণ আমরা ভুল করি; আমরা শয়তানের পীরন ভোগ করি, এবং যারা আমাদের ধর্মকে ঘৃনা করে তাদের কাছ থেকে আমরা তাড়না ভোগ করি।

যে কোন জ্ঞান প্রাপ্ত জাতির কাছে ধর্মীয় তাড়না অনৈতিক বা অবৈধ। তথাপি ইহা ঘটে। আমরা যখন অন্যায়ভাবে তাড়িত হই, তখন আমাদের উচিৎ আমাদের তাড়নাকারীকে আশীর্ব্বাদের জন্য ঈশ্বরকে ডাকা এবং যীশুর প্রতি বিশ্বস্ত থাকার জন্য তাঁর অনুগ্রহ যাচ্ঞা করা। যে সকল বিশ্বাসীরা আইন জানেন তাদের উচিৎ সকল বিশ্বাসের সমাজে তাড়না বন্ধ করার জন্য শান্তিপূর্ণ সামাজিক উদ্যোগ গ্রহন করা।

যীশুর বিষয় গুরুত্বপূর্ণ সত্য এবং তাঁর দুঃখভোগের বিষয়গুলি শিক্ষার জন্য **মার্ক ৮ঃ২৭-৩৮** পদ পাঠ করুন।

- খুঁজুন, যীশু প্রকৃত কে ছিলেন। (২৭-৩০ পদ দেখুন)
- যীশু কেন পৃথিবীতে এসেছিলেন। (৩১-৩৩ পদ)
- যীশু তাঁর অনুসরণকারীদের কি করতে চেয়েছিলেন। (৩৪-৩৮ পদ)

**প্রেরিত ৯ঃ১-৩১** পদে খুঁজে দেখুন, বিশ্বাসীদের ওপর অত্যাচার করা থেকে তাদের সেবা করার জন্য ঈশ্বর কিভাবে শৌলকে পরিবর্তিত করেছিলেন।

- শৌল প্রথমে কিভাবে বুঝেছিলেন যে যীশু জীবিত ও সব কিছু দ্বারা নিয়ন্ত্রিত?
- (পদ ১-৮)
- শৌলের জন্য ঈশ্বরের উদ্দেশ্যে কি ছিল?
- (১৫ পদ)
- শৌলের প্রতি কি ঘটার কথা ঈশ্বর বলেছিলেন?
- (১৬ পদ)
- শৌল কিভাবে যীশুর প্রতি প্রথম সাড়া দান করেছিলেন?
- (১৭-১৯ পদ)
- শৌল কোথায় শিক্ষা দিয়েছিলেন এবং প্রথম দুটি স্থানে তিনি কিসের সম্মুখীন হয়েছিলেন?
- (প্রেরিত ৯ঃ২০-৩০)

**প্রেরিত ১৩ঃ৪৯-১৪ঃ২৩** পদে খুঁজুন, মিশনারী কাজের সময় শৌল (এখন পৌল নামে অভিহিত) কিভাবে দুঃভোগ করেছিলেন।

- যীশু বলেছেন লোকেরা যখন আমাদের প্রত্যাখান করবে, তখন আমরা যেন আমাদের পায়ের ধূলা ঝেড়ে ফেলি (মথি ১০ঃ১৪)। পৌল ও বার্ণবা যখন আন্তিয়োখিয়া পরিত্যাগ করে চলে আসছিলেন, তখন লোকেরা তাদের বিরুদ্ধে কি করেছিলেন? (প্রেরিত ১৩ঃ৫০-৫১)
- ঈশ্বরের রাজ্যে প্রবেশ করার জন্য শিষ্যদের কিসের মধ্যে দিয়ে যেতে হবে? (প্রেরিত ১৪ঃ২২)
- প্রেরিতদের কেন ইকনিয় থেকে চলে যেতে হয়েছিল? (প্রেরিত ১৪ঃ১-৬)

- পৌলকে যারা পাথর মেরে ছিল, তারা কেন তাকে লুস্ত্রা থেকে বের করে দিয়েছিল ?
- (প্রেরিত ১৪:৭-২০)

**২ করি ১১:২৩-৩৩** পদে খুঁজুন, কি কি ভিন্ন উপায়ে পৌল দুঃখভোগ করেছিলেন।

**২ তীমথিয় ৩:১০-১২** পদে খুঁজুন, কার তাড়িত হওয়ার বিষয় প্রত্যাশা করা উচিৎ।

**প্রেরিত ১৬:১৬-৩৪** পদে খুঁজুন, ফিলিপীর লোকেরা কেন পৌল ও সীলের প্রতি দূর্ব্যবহার করেছিল।

**প্রেরিত ১৭:১২** পদে খুঁজুন, তাড়না সত্ত্বেও সাধারণতঃ কি ঘটে তার একটি উদাহরণ।

**১ থিষলনীকীয় ১:৬-৭** পদে খুঁজুন,

**১ থিষলনীকীয় ২:১৪-১৬** পদে খুঁজুন, কি কিভাবে তারা যিহূদিয়ার মন্ডলীগুলোকেও অনুসরণ করেছিল।

**১ থিষলনীকীয় ৩:২-৪** পদে খুঁজুন, তাড়না ভোগের বিষয় আমাদের নতুন বিশ্বাসীদের কাছে কি বলা উচিৎ ?

**রোমীয় ৮:১৬-১৭** পদে খুঁজুন, আমাদের যদি খ্রীষ্টের দুঃখভোগের বিষয় বলতে হয় তবে আমরা কি বলব।

**রোমীয় ৮:২৮** পদে খুঁজুন, লোকেরা যখন আমাদের সঙ্গে দূর্ব্যবহার করে তখন কেন আমাদের অন্তরে শান্তি থাকে।

**রোমীয় ৮:৩৩-৩৯** পদে খুঁজুন, যীশুর প্রেমের জন্য কি কি বিষয়ের ওপর আমরা বিজয় লাভ করব।

**মথি ৫:১০-১২** পদে খুঁজুন, আমরা যদি তাড়না সহ্য করি তবে আমরা কি ধরনের পুরস্কার লাভ করব।

**যোহন ১৫:১৮-১৯** পদে খুঁজুন, যারা খ্রীষ্টকে বিশ্বাস করেন, জগৎ তাদের ঘৃনা করেন কেন ?

২. **সপ্তাহব্যাপী কার্যকলাপের বিষয় সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

- তাড়নার প্রতি প্রত্যাশা এবং প্রজ্ঞার সঙ্গে সাড়াদানের জন্য ঈশ্বর শক্তি যাচ্ঞা করে এক সাথে প্রার্থনা করুন।
- যারা তাড়িত হচ্ছেন তাদের সঙ্গে দেখা করুন এবং প্রার্থনা এবং ঈশ্বরের প্রতিজ্ঞার বিষয় তাদের সুনিশ্চয়তা প্রদান করুন।
- আপনার লোকেরা যদি তাড়নার ভয়ে গুরুত্বপূর্ণ কাজ অবহেলা করে, তবে তাদের সাহায্যের জন্য প্রার্থনা করুন। পৌল কি করেছিলেন,যার জন্য তাঁকে তাড়িত হতে হয়েছিল, সেই বিষয় বিবেচনা করুন (যীশুকে অনুসরণ, তাঁর বাক্যের শিক্ষাদান, আরোগ্যদান, মন্দ আত্মা দূরীকরণ, পবিত্র জীবনযাপন ইত্যাদি)
- আর্ন্তজাতিক ছাপাখানায় যেখানে তাড়নার সংবাদ প্রকাশ করা হয়, তাদের সঙ্গে সংযোগ করুন।
- তাড়নার মোকাবিলা করার জন্য আপনার পরিকল্পনার বিষয় একসাথে চুক্তিবদ্ধ হন।

৩. **আগামী আরাধনার কার্যকলাপের বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

আপনার লোকদের বর্তমান প্রয়োজন এবং স্থানীয় পরিস্থিতির সঙ্গে মানানসই কার্যকলাপ পছন্দ করুন।

মার্ক ৮:৩৪-৩৮ পদ থেকে যীশুর দুঃখভোগের বিষয় সত্য ব্যাখ্যা করুন।

পৌলের দুঃখভোগের সত্য ব্যাখ্যা করুন। পৌল যে সকল তাড়না সহ্য করেছিলেন তার কয়েকটি ঘটনা পাঠ করুন, মুখস্থ বলুন অথবা অভিনয় করুন।

আমাদের দুঃখভোগের বিষয় সত্য ব্যাখ্যা করুন।

- ওপরের তালিকাভুক্ত পদগুলোর থেকে উত্থিত যে কোন প্রশ্ন পাঠ করুন অথবা আলোচনা করুন।
- ব্যাখ্যা করুন প্রভু কিভাবে তাঁর সময়ে অনুগ্রহপূর্ণভাবে তাঁর লোকদের শান্তি দেন — অনেক সময় তাড়নাকারীদের পরিত্রানের মাধ্যমে (প্রেরিত ৯:১-৩১) অথবা আমাদের প্রার্থনার উত্তর দানের মাধ্যমে সরকারী কর্তৃপক্ষের প্রতি প্রভাব বিস্তার করে (১তীম ২:১-২)।

শিশুদের বড়দের কাছে নাটক উপস্থাপন করতে দিন এবং প্রশ্ন করতে দিন।

বিশ্বাসীরা সম্প্রতি কিভাবে তাড়নার প্রতি সাড়াদান করেছেন সেই বিষয়ে তাদের সাক্ষ্য দিতে বলুন।

প্রভুর ভোজ প্রবর্তনের জন্য মার্ক ১০ঃ৩২-৪৪ অংশটি পাঠ করুন অথবা মন থেকে বলুন। এখানে মৃত্যুর পানপাত্রের বিষয় বলা হয়েছে। যীশু বলেছিলেন তাঁকে এবং আমাদের পান করতে হবে। ব্যাখ্যা করুন প্রভুর ভোজের মাধ্যমে আমরা খ্রীষ্টের মৃত্যু ও পুনরুত্থানের বিষয়ে আত্মিকভাবে যুক্ত হওয়ার দ্বারা আমাদের পাপের প্রতি নিজেদের মৃত মনে করি।

দু-তিনজনের ক্ষুদ্র দল গঠন করুন।প্রার্থনা করুন, তাড়নার মোকাবিলা করার বিষয়ে পরিকল্পনা করুন এবং পরস্পরকে উৎসাহিত করুন।

**মুখস্থ পদ** ঃ ২ তীমথিয় ৩ঃ১২ পদ।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net